দৈনিক
জনকণ্ঠ

তারিখ 20 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৮

অশোভন আচরণ, দুর্নীতি

# মগবাজার গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষককে অপসারণ

স্টাফ রিপোর্টার ॥ নারী শিক্ষক ও ছাত্রীদের সঙ্গে অশোভন আচরণ, দুর্নীতিসহ নানা অভিযোগের মুখে রাজধানীর মগবাজার গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষক মোঃ মোখলেছুর রহমানকে অপসারণ করা হয়েছে। তাকে প্রধান শিক্ষকের পদ থেকে অপসারণ করে সহকারী প্রধান শিক্ষিকা খুরশিদা খানমকে প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়া হয়েছে। একই সঙ্গে অপসারিত প্রধান শিক্ষককে তিন মাসের বাধ্যতামূলক ছুটি দিয়ে বলা হয়েছে, এই সময়ের মধ্যে অন্য কোথাও চাকরি খুঁজে নিতে।

প্রকাশ্য সভায় অন্তত ১৫ জন শিক্ষিকা ও ছাত্রীর লিখিত ও মৌখিক অভিযোগের পর অভিযুক্ত প্রধান শিক্ষককে অপসারণ করার সিদ্ধান্ত নিয়েছে গবর্নিং বডি। যেখানে উপস্থিত থেকে সিদ্ধান্ত দেন প্রতিষ্ঠানের সভাপতি গোলাম দস্তগীর গাজী এমপি। গবর্নিং বডির সদস্য ও শিক্ষকরা মঙ্গলবার তাদের অবস্থান জানিয়ে বলেছেন, অনেক দিন ধরেই একজনের কারণে প্রতিষ্ঠানটির প্রতি ছাত্রী ও অভিভাবকদের আগ্রহ কমে যাচ্ছিল।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর